

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখঃ ৩/১০/১৪১১ বাং / ১৬/১/২০০৫ ইং।

নং এস, আর, ও ১১-আইন/২০০৫/২০৬৩/শুল্ক। - Customs Act, 1969 (Act IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 20 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন), এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নে ক-অংশে উল্লিখিত TABLE এর কলাম (2) এ বর্ণিত H.S.Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য Dhaka Clean Fuel Project বাস্তবায়নার্থ তিতাস গ্যাস টি এন্ড ডি কোম্পানী লিঃ, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ এবং রূপান্তরিত গ্যাস কোম্পানী লিঃ কর্তৃক আমদানির ক্ষেত্রে আরোপণীয় *[৫%] এর অতিরিক্ত কাস্টমস্ ডিউটি এবং সমুদয় সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে নিম্নে খ-অংশে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :-

ক-অংশ

TABLE

Sl. No.	H.S. Code	Description
(1)	(2)	(3)
1	3806.90.00	Primer
2	3919.10.00	Tape
3	3920.10.90	Coat & Wrap Materials
4	7229.20.00	Silicon Iron Anode
5	7304.10.10	Line Pipe
6	7304.10.20	Seamless Line Pipe (8 inch dia or less)
7	7305.20.00	Pipe & Bends for Horizontal Directional Drilling River crossing
8	7306.10.10	ERW Line Pipe (Exceeding 8 inch dia)
9	7306.10.20	ERW Line Pipe (8 inch dia or less`)
10	7307.22.00	Induction Bends
11	7307.91.00	Flange (Weld neck & Blind)
12	7307.92.00	Bend/Elbow
13	7307.93.00	Butt Welding Fittings
14	7307.99.00	Insulating Joint & Spacer, Flanged Tee
15	7307.99.00	Flange Tee/Valve Tee/End Casing Seal
16	7318.15.00	Stud Bolts
17	7318.16.00	Nuts
18	8104.90.90	Magnesium Anode
19	8407.33.90	NGV Cylinder
20	8413.11.00	CNG Refueling Station
21	8413.91.90	Spares for CNG Refueling Station
22	8421.39.10	Equipment's/Machinery for CNG
23	8421.39.90	Filter Separator/Strainer

Sl. No.	H.S. Code	Description
(1)	(2)	(3)
24	8421.39.90	Liquid Separator
25	8421.99.00	Spare Parts
26	8429.30.00	Scraper Traps
27	8481.40.00	Relief Valve
28	8481.80.90	Valve
29	8484.10.00	Gasket/Insulating Joints
30	8504.40.00	Transformer/Transformer Rectifier
31	8525.10.90	Telecommunication Equipment's, SCADA
32	8538.90.00	CNG Conversion Kits & Spares
33	8702.90.11	CNG Operated Bus (Double Decker)
34	8702.90.21	CNG Operated Bus (40 Seats & above)
35	8703.21.12	CNG Operated 04-stroke Baby Taxis
36	9015.20.00	Survey Equipment's
37	9022.90.00	Radiographic Materials
38	9026.20.00	Pressure & Temperature Recorder
39	9028.10.00	Gas meters
40	9028.90.00	Parts & Accessories of Metering Station
41	9031.80.00	Electronic Volume corrector
42	9032.89.00	Regulator
43	9603.50.00	Pig ;

খ-অংশ

শর্তাবলী

(১) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য Dhaka Clean Fuel Project বাস্তবায়নে ব্যবহৃত হইবে মর্মে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদা সম্পন্ন একজন কর্মকর্তার নিকট হইতে “পরিশিষ্ট-১” মোতাবেক চালানভিত্তিক একটি প্রত্যয়ন পত্র আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে; এবং

(২) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য অন্যবিধ কোনো উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমদানিকারক শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত আইনানুগ যে কোনো সিদ্ধান্ত মানিতে বাধ্য থাকিবেন মর্মে “পরিশিষ্ট-২” মোতাবেক নন-জুডিশিয়াল স্ট্যাম্প একটি অংগীকারনামা আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য খালাসের সময়ে সংশ্লিষ্ট কমিশনার বরাবরে দাখিল করিতে হইবে।

২। ইহা ১ অক্টোবর, ২০০৪ ইং তারিখ কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

পরিশিষ্ট-১

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, তিতাস গ্যাস টি এন্ড ডি কোম্পানী লিঃ/গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ/রূপান্তরিত গ্যাস কোম্পানী লিঃ কর্তৃক ইনভয়েস নং ----- তারিখঃ -----

এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রসিদ নং-----তারিখঃ-----
অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য Dhaka Clean Fuel Project বাস্তবায়নের সাথে সরাসরি সম্পৃক্ত
এবং উক্ত Project বাস্তবায়নে ব্যবহার করা হইবে।

তারিখঃ ----- স্বাক্ষর :-----

নাম :-----

পদবী :-----

সীল :-----

পরিশিষ্ট-২
অঙ্গীকারনামা

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং-----
----- তারিখ :----- এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রসিদ
নং ----- তারিখ----- অনুযায়ী আমদানিকৃত
যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য Dhaka Clean Fuel Project বাস্তবায়নের সাথে সরাসরি সম্পৃক্ত এবং উক্ত Project
বাস্তবায়নে ব্যবহৃত হইবে।

আমি/আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য Dhaka Clean Fuel
Project ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহৃত/স্থাপিত হইলে আমি/আমরা উহার উপর প্রযোজ্য ৫% এর অতিরিক্ত
কাস্টমস্ ডিউটি ও সমুদয় সম্পূরক শুল্ক পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য Customs Act, 1969
(Act IV of 1969) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর আওতায় শুল্ক কর্তৃপক্ষ
কর্তৃক গৃহীত আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা মানিতে বাধ্য থাকিব।

তারিখ ----- স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর :-----
স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের নাম :-----
আমদানিকারক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ-----

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(খায়রুজ্জামান চৌধুরী)
সচিব।

* এস. আর. ও ১২৭-আইন/২০০৬/২১১৯/শুল্ক, তারিখ ৮/০৬/২০০৬ ইং দ্বারা সংশোধিত।